

২০১৬

বাংলা

(সাম্মানিক)

পঞ্চম পত্র

পূর্ণমান : ১০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

(নূতন পাঠক্রম)

প্রতিটি নাটক থেকে একটি করে মোট চারটি এবং একাঙ্ক

নাটক থেকে একটি অর্থাৎ মোট পাঁচটি প্রশ্নের

উত্তর দেওয়া আবশ্যিক :

১৫ × ৫

- ১। ঐতিহাসিক নাটকের বৈশিষ্ট্যের আলোকে 'কৃষ্ণকুমারী' সার্থক ঐতিহাসিক নাটক কিনা আলোচনা করো ।

১৫

অথবা

‘কৃষ্ণকুমারী নাটকে উপকাহিনী সংযোজনের উপযোগিতা আলোচনা করো ।

- ২। ‘ফাল্গুনী’ নাটকের সর্দার চরিত্রের পরিচয় দাও । ১৫

অথবা

‘ফাল্গুনী’ নাটকে সংগীতের প্রয়োজনীয়তা আলোচনা করে সংগীতগুলির পরিচয় দাও ।

- ৩। ‘সীতা’ নাটকে ধরিত্রীকন্যা সীতার পরিচয় দাও । প্রসঙ্গত ‘সীতা’ নামকরণ সার্থক কিনা বিচার করো । ১৫

অথবা

পৌরানিক নাটক হিসেবে ‘সীতা’ নাটকের সার্থকতা বিচার করো ।

- ৪। ‘গৈরিক পতাকা’ নাটকে শিবাজী চরিত্রের পরিচয় দাও । ১৫

অথবা

‘গৈরিক পতাকা’ নাটকে সংলাপ রচনায় শচীন্দ্রনাথ সেনগুপ্তের কৃতিত্ব আলোচনা করো ।

- ৫। একাক্ষ নাটক কাকে বলে ? এই নাটকের বৈশিষ্ট্যের বিচারে 'সরীসৃপ' কতখানি নাট্যগুণ সমৃদ্ধ হয়েছে দেখাও । ১৫

অথবা

'রাজপুরী' নাটকের ট্র্যাগিক চরিত্র রাণী বাসবক্ষত্রিয়ার চরিত্রের পরিচয় দাও ।

- ৬। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ৩

(ক) 'তবে আমাদের খুব ভালো একটা পরিচয় আছে' — কে কাকে কোথায় এ কথা বলেছেন ? 'ভালো' পরিচয়টির তাৎপর্য বিশ্লেষণ করো ।

(খ) 'যস্মিন দ্যাশে যদাচার, কাছা খুইলা ।' উদ্ধৃতিটির উৎস লেখো । কে কাকে কেন একথা বলেছেন ?

(গ) অশ্বখামা চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও ।

(ঘ) নাটকগুলির রচয়িতা ও প্রকাশকাল লেখো :

(i) শর্মিষ্ঠা

(ii) মুক্তধারা

(iii) ভীষ্ম

(iv) রক্তকমল

(v) মুক্তির ডাক ।

(৬) দ্বিজেন্দ্রলালের 'সীতা' নাটকের সীতার সঙ্গে বাংলা
রামায়ণের সীতা চরিত্রের পার্থক্য নিরূপণ করো ।
